**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০৮

তারিখ: মে ৩০, ২০২৪ / জ্যৈষ্ঠ ১৬, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

**১০০% রপ্তানিমুখী দেশিয় প্রতিষ্ঠান কর্তৃক চামড়াজাত দ্রব্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০৯, তারিখঃ এপ্রিল ১৭, ২০০০ এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুসারে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, আলোচ্য খাতে ১০০% রপ্তানিমুখী উৎপাদনকারী প্রতিষ্ঠানের পাশাপাশি নিজস্ব কারখানায় উৎপাদিত চামড়াজাত দ্রব্যাদি রপ্তানির ক্ষেত্রেও নগদ সহায়তা প্রদেয় হবে।

নগদ সহায়তা সংশ্লিষ্ট সার্কুলারের অন্যান্য প্রযোজ্য নির্দেশনাগুলো অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩